

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.৪২.৭৩০০.০০০.১৪.০৭৮.১৫

তারিখ: ১৭/০৪/২০১৬

বিষয়: ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্র: নীলফামারী জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপনী/২০১৫-২০১৬/৩২৮, তারিখ: ০৮/২/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের সাশ্রয়কৃত ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকায় গৃহীত এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত ০৬টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো:

শর্তসমূহ:

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) পিপিআর ২০০৮ এর এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নীলফামারী।


১৭/৪/১৬  
(জুবাইদা হাসরীন)  
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

অনুলিপি-(জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, নীলফামারী।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



জেলা পরিষদ কার্যালয়  
নীলফামারী।

স্মারক নং-জেপনী/২০১৫-২০১৬/৩২৬

তারিখ :- ০৬/০২/২০১৬খ্রিঃ।

বিষয় : ২০১৫-২০১৬ অর্থ বছরের “এডিপি সাধারণ বরাদ্দ” উপ-খাতের অর্থে গৃহীত প্রকল্পের ৫% নিম্ন দরে সাশ্রয়কৃত অর্থে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের “এডিপি সাধারণ” বরাদ্দ উপ-খাতের অর্থে গৃহীত ১০১ টি প্রকল্প ২০১.০০লক্ষ (দুই কোটি এক লক্ষ) টাকায় দরপত্র/আরএফকিউ প্রক্রিয়ায় বাস্তবায়নের নিমিত্ত ২৫/১১/২০১৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অনুমোদন করা হয়। প্রকল্প গুলি স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করার পর ৫% নিম্ন দরে প্রায় ৮.০০লক্ষ (আট লক্ষ) টাকার বেশী সাশ্রয় হবে। উক্ত সভায় সাশ্রয়কৃত অর্থে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সাপেক্ষে নিম্নেবর্ণিত প্রকল্প ০৬(ছয়)টি আরএফকিউ/প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	প্রকল্পের নাম	প্রাক্কলিত অর্থ	বাস্তবায়ন প্রক্রিয়া
০১	ডিমলা উপজেলায় জেলা পরিষদ স্কুল এণ্ড কলেজের শ্রেণী কক্ষ নির্মাণ, ডিমলা, নীলফামারী।	৪,০০,০০০/=	আরএফকিউ
০২	নীলফামারী সরকারী বালিকা বিদ্যালয় সংস্কার, নীলফামারী সদর।	১,০০,০০০/=	পি, আই, সি
০৩	নীলফামারী বাদিয়ার মোড় মহাশয়ান সংস্কার (প্রফুল্ল), নীলফামারী।	৫০,০০০/=	পি, আই, সি
০৪	সুটিপাড়া (মুরাদ মিয়া বাড় সংলগ্ন) জামে মসজিদ সংলগ্ন এবতেদায়ী মাদরাসা সংস্কার, কুন্দপুকুর, নীলফামারী সদর।	৫০,০০০/=	পি, আই, সি
০৫	মঞ্জু চেয়ারম্যানের বাড়ীর পার্শ্বের জামে মসজিদ সংস্কার, ইটাখোলা, নীলফামারী।	১,০০,০০০/=	পি, আই, সি
০৬	হরিবল্লভ বায়তুল আমান জামে মসজিদ সংস্কার, নীলফামারী সদর।	১,০০,০০০/=	পি, আই, সি

এমতাবস্থায়, ২৫.১১.২০১৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্য বিবরণীর আলোচ্য বিষয় বিবিধ-০১ এর সিদ্ধান্তের আলোকে ২০১৫-২০১৬ অর্থ বছরের “এডিপি সাধারণ বরাদ্দ” উপ খাতে অর্থে গৃহীত ও অনুমোদিত প্রকল্প দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের পর ৫% নিম্ন দরের সাশ্রয়কৃত ৮.০০লক্ষ (আট লক্ষ) টাকায় উল্লেখিত ০৬(ছয়) টি প্রকল্পের মধ্যে ০১নং ক্রমিকের প্রকল্পটি আরএফকিউ প্রক্রিয়ায় ও অন্যান্য প্রকল্প ০৫টি প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের জন্য অনুরোধ করা হলো।

- সংযুক্ত :- ১। ২৫.১১.২০১৫ তারিখের রেজুলেশন-১৪পাতা।  
২। সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর যুক্ত হাজিরা -০৪ পাতা।  
৩। প্রকল্প তালিকা- ০১পাতা।

সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোঃ সামসুল আলম  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নীলফামারী  
ফোন নং-০৫৫১/৬১৩৫২(অঃ)  
ceo nilphamari @ gmail.com

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর  
স্থানীয় সরকার বিভাগ  
স্মারক নং- ৩২৬  
তারিখ: ০৬/০২/১৬  
স্বাক্ষর: [স্বাক্ষর]

জেলা পরিষদ অধিশাখা  
ডায়েরী নং  
তারিখ  
উপ-সচিব

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ  
করা হলো।  
এফ.সি.সচিব

স্থানীয় সরকার বিভাগ  
সচিবের দপ্তর  
প্রদান  
১) উপস্থাপন  
২) সভা উন্নয়ন  
৩) প্রকল্প  
৪) পাতা